**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২৮ জুলাই ২০১৫, ১৩ শ্রাবণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ছাত্র রাজনীতির মর্যাদা ফিরিয়ে আনতে হবে : ছাত্রলীগ নেতৃবৃন্দের প্রতি প্রধানমন্ত্রী
২। ভারতের সাবেক রাষ্ট্রপতি এ পি জে আবদুল কালাম আর নেই : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক
৩। নির্দিষ্ট অঞ্চলের বাইরে জাহাজ ভাঙলে শাস্তি : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন
৪। আজ থেকে ডিসি সম্মেলন শুরু
৫। দূষিত রক্তের ৮৯ শতাংশে হেপাটাইটিসের জীবাণু : বিশ্ব হেপাটাইটিস দিবস আজ
৬। আগামী ১৬ আগস্ট থেকে হজ ফ্লাইট শুরু
৭। কৃষিঋণের লক্ষ্যমাত্রা ৫ ভাগ বাড়ল চলতি অর্থ বছরে : কৃষি ও পল্লি ঋণ নীতিমালা ঘোষণা
৮। ১ আগস্ট থেকে মহাসড়কে অটো নিষিদ্ধ
৯। পাহাড় ধস ও পাহাড়ি ঢলে মা-মেয়েসহ ১২ জনের মৃত্যু
১০। নিম্নচাপে সাগর উত্তাল ভারী বর্ষণের পূর্বাভাস : অন্তত আড়াই লাখ মানুষ পানিবন্দি

চলমান পাতা/২

১। ছাত্র রাজনীতির মর্যাদা ফিরিয়ে আনতে হবে : ছাত্রলীগ নেতৃবৃন্দের প্রতি প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, ছাত্র রাজনীতির মর্যাদা ফিরিয়ে আনার দায়িত্ব ছাত্রলীগকে নিতে হবে। ছাত্রদের প্রতি মানুষের যে আস্থা ও বিশ্বাস ছিল সেটি ফিরিয়ে আনতে হবে। লোভ-লালসার ঊর্ধ্বে উঠে ত্যাগের মনোভাব নিয়ে জনগণের সেবায় কাজ করার জন্য ছাত্রলীগের প্রতিটি নেতাকর্মীর প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষার জন্য জাতির পিতা এই সংগঠন প্রতিষ্ঠা করেছিলেন। দেশের ইতিহাসে প্রতিটি অর্জনের পেছনে ছাত্রলীগের অবদান রয়েছে। গতকাল ২৭ জুলাই সোমবার গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে ছাত্রলীগের নবনির্বাচিত কমিটির নেতারা সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), প্রথম আলো (পৃ.২,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.৫)।

২। ভারতের সাবেক রাষ্ট্রপতি এ পি জে আবদুল কালাম আর নেই : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

ভারতের সাবেক রাষ্ট্রপতি এ পি জে আবদুল কালাম মারা গেছেন। গতকাল ২৭ জুলাই সোমবার সন্ধ্যায় মেঘালয়ের শিলংয়ে ইন্ডিয়ান ইন্সটিটিউট অব ম্যানেজমেন্টে এক অনুষ্ঠানে বক্তৃতা দিতে গিয়ে হঠাৎ অচেতন হয়ে পড়ে যান ৮৪ বছর বয়সী আবদুল কালাম। পড়ে যাওয়ার পরই তাঁকে স্থানীয় একটি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। রাতে সেখানেই দেশটির সাবেক রাষ্ট্রপতির হার্ট অ্যাটাকে মারা যাওয়ার খবর নিশ্চিত করে ভারতের সংবাদ সংস্থা পিটিআই। ভারতের এ সাবেক রাষ্ট্রপতির মৃত্যুতে শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৩। নির্দিষ্ট অঞ্চলের বাইরে জাহাজ ভাঙলে শাস্তি : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

জাহাজ ভাঙা কাজে অনিয়মের জন্য সর্বোচ্চ ৩০ লাখ টাকা জরিমানা ও এক বছর কারাদণ্ডের বিধান রেখে 'বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৫'-এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। একই সঙ্গে আইনে জাহাজ ভাঙার অঞ্চল নির্ধারণ করে দেওয়ার কথা বলা হয়েছে। এ অঞ্চলের বাইরে কেউ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাত করলে শাস্তি পেতে হবে। গতকাল ২৭ জুলাই সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ আইনের খসড়া অনুমোদন দেওয়া হয়। বৈঠকে 'পেট্রোলিয়াম আইন, ২০১৫' অনুমোদন ও গত তিন মাসের মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন তুলে ধরা হয়েছে। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.৫), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। আজ থেকে ডিসি সম্মেলন শুরু

দেশের ৬৪টি জেলার জেলা প্রশাসকদের নিয়ে আজ ২৮ জুলাই মঙ্গলবার থেকে শুরু হচ্ছে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন। তিন দিনব্যাপী এ সম্মেলন চলবে আগামী ৩০ জুলাই বৃহস্পতিবার পর্যন্ত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এ সম্মেলন উদ্বোধন করবেন। আগামী ৩০ জুলাই বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষে সমাপনী অধিবেশনের মাধ্যমে এটি শেষ হবে। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১), প্রথম আলো (পৃ.২,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), নিউ নেশন (পৃ.১,ক.৪)। ডেইলি সান এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। দূষিত রক্তের ৮৯ শতাংশে হেপাটাইটিসের জীবাণু : বিশ্ব হেপাটাইটিস দিবস আজ

বিভিন্ন রোগ জীবাণুর উপস্থিতির কারণে গত এক যুগে যত রক্ত অব্যবহৃত থেকেছে, তার প্রায় ৮৯ শতাংশ ছিল হেপাটাইটিস বি ও সি সংক্রমিত। আজ ২৮ জুলাই মঙ্গলবার বিশ্ব হেপাটাইটিস দিবস। এ উপলক্ষে বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশীয় অঞ্চলের প্রধান পুনম ক্ষেত্রপাল সিং বলেছেন, যকৃতে ক্যানসারের ৮০ শতাংশের জন্য দায়ী হেপাটাইটিস বি ও সি। এই দুই ভাইরাসের মূল উৎস সংক্রমিত রক্ত। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.২), সমকাল (পৃ.৩,ক.২), নিউজ টুডে (পৃ.৩,ক.৫)।

৬। আগামী ১৬ আগস্ট থেকে হজ ফ্লাইট শুরু

আগামী ১৬ আগস্ট থেকে এবারের হজ ফ্লাইট শুরু হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সৌদিয়া এয়ারাইন্স হজযাত্রীদের পরিবহণ করবে। এবার সরকারি ও বেসরকারি হজ এজেন্সির মাধ্যমে মোট ১ লাখ ১ হাজার ৭৫৮ জন হজে যাচ্ছেন। সরকারি ব্যবস্থাপনায় এবার হজে যাচ্ছেন মাত্র তিন হাজার। গতকাল ২৭ জুলাই সোমবার ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-প্রথম আলো (পৃ.৩,ক.১), সংবাদ (পৃ.১,ক.৪), সমকাল (পৃ.২,ক.১)।

৭। কৃষিঋণের লক্ষ্যমাত্রা ৫ ভাগ বাড়ল চলতি অর্থ বছরে : কৃষি ও পল্লি ঋণ নীতিমালা ঘোষণা

কৃষিঋণ বিতরণে লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারা ব্যাংকগুলোর অনর্জিত অংশ বাংলাদেশ ব্যাংকে বাধ্যতামূলক জমার বিধান রেখে ২০১৫-১৬ অর্থবছরের জন্য কৃষি ও পল্লি ঋণ নীতিমালা ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। এই অনর্জিত অংশের ওপর ব্যাংকগুলো কোনো সুদ পাবে না। এবারের নীতিমালায় কৃষি ও পল্লি ঋণের আওতা বৃদ্ধি ছাড়াও পল্লি এলাকায় ব্যাংকিং কর্মকাণ্ড সম্প্রসারণে কৌশলগত পদ্ধতি গ্রহণ, কৃষকদের ব্যাংকমুখী করা

তথা আর্থিক সেবায় অন্তর্ভুক্তিকরণ, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়নে গুরুত্ব প্রদান, আমদানি বিকল্প ফসল চাষ, নেপিয়ার ঘাস, ক্যাপসিকাম চাষ, আম ও লিচু চাষে ঋণ প্রদানে নির্দেশনা, উদ্ভাবিত নতুন ফসল ও প্রযুক্তি সম্পর্কে ধারণা দেওয়ার বিষয়গুলোতে ঋণ দেওয়ার বিষয়টি নতুনভাবে সংযোজন করা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৬)।

৮। ১ আগস্ট থেকে মহাসড়কে অটো নিষিদ্ধ

দুর্ঘটনায় ব্যাপক হতাহতের পর আগামী ১ আগস্ট থেকে জাতীয় মহাসড়কে অটোরিকশা এবং অযান্ত্রিক যানবাহন চলাচল নিষিদ্ধ করেছে সরকার। গতকাল ২৭ জুলাই সোমবার সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে। এতে বলা হয়েছে, জাতীয় মহাসড়কে থ্রি হুইলার অটোরিকশা ও অটোটেম্পো এবং সব শ্রেণির অযান্ত্রিক যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়েছে। সড়ক নিরাপত্তা বিধানে এই আদেশ ১ আগস্ট থেকে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। সূত্র-যায়যায়দিন (পৃ.১,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৮), ভোরের কাগজ (পৃ.১,ক.৮), নিউ নেশন (পৃ.১,ক.৫), নিউ এজ (পৃ.১,ক.৮)।

৯। পাহাড় ধস ও পাহাড়ি ঢলে মা-মেয়েসহ ১২ জনের মৃত্যু

গত কয়েকদিনের টানা ভারীবর্ষণে কক্সবাজার, রাঙ্গামাটি ও বান্দরবানে পাহাড় ধস মারাত্মক আকার ধারণ করেছে। পাহাড় ধস ও ঢলের পানিতে দুইদিনে কক্সবাজারে মা-মেয়েসহ মোট ১২ জনের মৃত্যু হয়েছে। এছাড়া পৃথক দুই নৌডুবিতে নিখোঁজ রয়েছেন কমপক্ষে ১৫ জন। কক্সবাজার, টেকনাফ সড়ক দ্বিতীয় দিনের মতো গতকাল ২৭ জুলাই সোমবারও বন্ধ ছিল। পাহাড় ধসের ঘটনায় রাঙ্গামাটিতে জনগণের মাঝে চরম আতঙ্ক দেখা দিয়েছে। শহরের বিভিন্ন স্থানে লাল পতাকা টাঙ্গিয়ে যানবাহন চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে। ইতোমধ্যে ঝুঁকিপূর্ণ এলাকা থেকে ১২০টি পরিবারকে ৪টি আশ্রয় কেন্দ্রে সরিয়ে নেওয়া হয়েছে। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.৬), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.৬)। জনকণ্ঠ, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, নিউ নেশন, নিউ এজ, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১০। নিম্নচাপে সাগর উত্তাল ভারী বর্ষণের পূর্বাভাস : অন্তত আড়াই লাখ মানুষ পানিবন্দি

নিম্নচাপে সাগর এখন উত্তাল। উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় অবস্থানরত লঘুচাপটি নিম্নচাপে পরিণত হওয়ায় সাগর উত্তাল হয়ে উঠেছে। নিম্নচাপ এলাকায় বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৪০ কিলোমিটার, যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কিলোমিটার পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপের প্রভাবে ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে সারাদেশে নদ-নদীতে পানি বৃদ্ধি পাচ্ছে। কক্সবাজার, বান্দরবান, চট্টগ্রাম ও ফেনীতে বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। তৃতীয় দিনের মতো বান্দরবানের সঙ্গে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। কক্সবাজার ও বান্দরবানে অন্তত আড়াই লাখ মানুষ পানিবন্দি হয়ে পড়েছেন। রাজধানী ঢাকার নিম্নাঞ্চলও তলিয়ে গেছে। মেঘনার পানি বিপদসীমা অতিক্রম করায় লক্ষ্মীপুর-ভোলা রুটে ফেরি চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে। বৈরী আবহাওয়ায় দেশের বিভিন্ন স্থানে লঞ্চ, ট্রলারসহ ছোট নৌযান চলাচলও বন্ধ করে দিয়েছে বিআইডব্লিউটিএ। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.২), ইনকিলাব (পৃ.১,ক.২), সমকাল (শেষ পৃ.১ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৮), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৮)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল : প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ছাত্রলীগের ২৮তম সম্মেলনে বক্তৃতায় সংগঠনের বদনাম হয় এমন কিছু না করার যে নির্দেশ দিয়েছেন তা আমলে নিয়ে ছাত্ররাজনীতি তথা শিক্ষাঙ্গণে সুস্থ ধারা ফিরিয়ে আনতে তাদের নতুন নেতৃত্ব সচেষ্ট হবে এই প্রত্যাশা ব্যক্ত;

খ. ইত্তেফাক : দেশের ইতিহাস ও ঐতিহ্যের সংরক্ষণে জাদুঘরগুলো যথাযথ সংস্কারের ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : শিক্ষার্থীদের সুস্বাস্থ্য নিশ্চিত করতে সুষম খাবার নিশ্চিত করার পাশাপাশি খেলাধুলা, সাংস্কৃতিক বিনোদন যেমন জরুরি তেমনি তাদের বয়সের অনুপাতে ধারণক্ষমতার মধ্যে শিক্ষার সিলেবাস প্রণয়নও প্রয়োজন বলে মত প্রকাশ করা হয়েছে;

ঘ. সংবাদ : ব্যাংকিং খাতে সুশাসনের ঘাটতি প্রতিরোধে বিভিন্ন অনিয়ম দুর্নীতির সংশোধনের উদ্যোগ নেওয়ার সুপারিশ;

ঙ. সমকাল, যুগান্তর : চট্টগ্রামে জলাবদ্ধতার সমস্যা নিরসনে যেসব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত;

চ. ডেইলি স্টার : জাতীয় সংসদে আদিবাসী অধিকার সুরক্ষায় জাতীয় কমিশন গঠনের খসড়া বিল উত্থাপিত হওয়ায় অভিনন্দন জানিয়ে কমিশন গঠনের সময় তাদের প্রয়োজন ও দাবি-দাওয়ার বিষয়গুলো যথাযথভাবে গুরুত্ব দেওয়ার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : ভোটার তালিকা হালনাগাদ করার কর্মক্রম সঠিক ও সুষ্ঠুভাবে সম্পন্নে নির্বাচন কমিশনকে সব দলের সহযোগিতা করার আহ্বান;

জ. ডেইলি সান : শিক্ষাখাতকে সব ধরনের দুর্নীতিমুক্ত রাখতে শিক্ষামন্ত্রীর দৃঢ় প্রত্যয়ের সফলতা কামনা;

ঝ. নিউজ টুডে : দেশব্যাপী সড়ক-মহাসড়কে দুর্ঘটনায় নিহতের খবরে উদ্বেগ প্রকাশ করে যথাযথ কর্তৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ গ্রহণের আহ্বান;

ঞ. নিউ এজ : সোনালী, জনতা, অগ্রণী ও রূপালি ব্যাংকের বকেয়া ঋণ আদায়ে অনতিবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে অপমৃত্যু বা অপঘাতে মৃত্যু রোধ করতে প্রশাসনিক ব্যবস্থা যেমন জরুরি, তেমনি প্রয়োজন নাগরিকদের সতর্কতা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'নির্ভয় নিরাপদ জীবনের প্রত্যাশা' শিরোনামের নিবন্ধে নূর সালাম খান দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় বড় বাধা দুর্নীতি প্রতিরোধে সরকারের কঠোর পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা